

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ আজ শুরু

■ সমকাল প্রতিবেদক

আজ বৃহস্পতিবার শুরু হচ্ছে 'জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০১৬'। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে পালিত এ কর্মসূচির এবারের প্রতিপাদ্য 'মানসম্মত শিক্ষা, জাতির প্রতিজ্ঞা'।

জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে উদ্বোধন অনুষ্ঠান আজ সকাল সাড়ে ১০টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মো: মোতাহার হোসেন। সভাপতিত্ব করবেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। স্বাগত বক্তব্য রাখবেন মন্ত্রণালয়ের সচিব হুমায়ুন খালিদ।